স্নাতক পাঠক্রম

(বি. ডি. পি.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — ডিসেম্বর, ২০০৮

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা (প্রথম পত্র)

সময় ঃ চার ঘণ্টা পূর্ণমান ঃ ১০০

মানের গুরুত্ব ঃ ৭০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০×২=৪০

ক) উনিশ শতকের কাব্য, নাটক, উপন্যাস রচনায় ঐতিহাসিক ঘটনা বা চরিত্র অবলম্বন করার যে প্রবণতা দেখা দিয়েছিল, তার কারণ ও স্বরূপ বিশ্লেষণ করুন।

খ) সপ্তদশ শতকের মুসলমান কবিবর্গের রচনায় বাংলা সাহিত্যের ভাণ্ডারের যে সমৃদ্ধি তার মূল্যায়ন করুন।

গ) বাংলা সাহিত্যের আদিযুগের একমাত্র নিদর্শন চর্যাপদগুলিতে প্রতিফলিত সমাজচিত্রের উদ্ধৃতিসহ আলোচনা করুন।

ঘ) ভারতচন্দ্রের কবিপ্রতিভার পূর্ণমুক্তি ঘটেছে তাঁর 'অন্নদামঙ্গল' কাব্যে— এই উক্তির আলোকে কবি ও তাঁর কাব্য সম্পর্কে আলোচনা করুন।

ঙ) ঔপন্যাসিক রবীন্দ্রনাথ সম্পর্কে একটি নিবন্ধ রচনা করুন।

চ) কোন্ সামাজিক পরিবেশে কবিগানের উদ্ভব হয়? কবিগানের কয়েকজন রচয়িতা ও তাঁদের রচনাবৈশিষ্ট্যের পরিচয় দিন।

ছ) ষোড়শ শতককে চৈতন্যযুগ বলা হয় কেন? এই প্রসঙ্গে বাংলার সমাজ ও সাহিত্যে চৈতন্যদেবের প্রভাব বর্ণনা করুন।

জ) আধুনিক বাংলা গদ্যের বিবর্তনে রামমোহনের দানের বিষয়ে আলোচনা করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২×৩=৩৬

ক) বাংলা গদ্যভাষার নির্মাণ ও সমৃদ্ধিতে অক্ষয়কুমার দত্তের স্থান নির্ণয় করুন।

খ) 'মধুসূদন বাংলা মহাকাব্যের মহাকবি'—মন্তব্যটি বিচার করুন।

গ) বঙ্গ রঙ্গমঞ্চের জন্ম হয় বিদেশি প্রেরণায়—বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে এই বিদেশিদের দানের বিষয়ে আলোচনা করুন।

ঘ) রবীন্দ্রনাথের ঐশ্বর্য পর্বের কবিতাগুলির উল্লেখ করে এই সময়ের কবির মানসজগতের যে চিত্র কবিতাগুলিতে পাওয়া যায় তার বর্ণনা দিন।

ঙ) 'তারাশঙ্কর রাঢ়বাংলার কথাকার'—তাঁর উপন্যাসগুলির আলোচনায় এই মন্তব্যের যাথার্থ্য বিশ্লেষণ করুন।

চ) প্রভাতকুমার মুখোপাধ্যায়ের কয়েকটি গল্পের পরিচয় দিন।

ছ) রবীন্দ্রানুসারী কবিসমাজের একটি সাধারণ পরিচয় সংক্ষেপে উল্লেখ করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬×৪=২৪

ক) চণ্ডীদাসকে দুঃখের কবি বলার কারণ কী?

খ) বাংলা গদ্যচর্চায় পোর্তুগিজ মিশনারিদের অবদান সংক্ষেপে লিখুন।

গ) সংক্ষিপ্ত পরিচয় দিন ঃ

হানা ক্যাথরিন মুলেন্স, বৃত্রসংহার কাব্য, সত্যেন্দ্রনাথ দত্ত, অবনীন্দ্রনাথ ঠাকুর, প্যারীচাঁদ মিত্র, রামরাম বসু।

ঘ) 'কৃষ্টি' ও 'সংস্কৃতি' শব্দদুটির মধ্যে রবীন্দ্রনাথ যে পার্থক্য দেখিয়েছেন তার ব্যাখ্যা করুন।

ঙ) প্রহসন রচয়িতা হিসাবে অমৃতলালের স্থান নির্ণয় করুন।

চ) বাঙালি জাতিসত্তার নৃতাত্ত্বিক উপাদানগুলির উল্লেখ করুন।

ছ) 'কীর্তিবিলাস' নাটকটি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

জ) 'এষা' কাব্য সম্পর্কে সংক্ষেপে মূল্যায়ন করুন।

স্নাতক পাঠক্রম

(বি. ডি. পি.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — ডিসেম্বর, ২০০৮

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা (দ্বিতীয় পত্র)

সময় ঃ চার ঘণ্টা পূর্ণমান ঃ ১০০

মানের গুরুত্ব ঃ ৭০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০×২=৪০

ক) ব্যঞ্জনধ্বনির পরিবর্তনের নিয়মগুলির সংজ্ঞা ও দৃষ্টান্তসহ আলোচনা করুন।

খ) শব্দার্থ পরিবর্তনের কারণগুলি উদাহরণযোগে বিশ্লেষণ করুন।

গ) রেখাচিত্রসহ বাংলা শব্দভাণ্ডারের বিভিন্ন দিকের উপর আলোকসম্পাত করুন।

ঘ) অমিত্রাক্ষর ছন্দ সম্পর্কে দৃষ্টান্তসহ বিস্তারিত আলোচনা করুন।

ঙ) 'উপমা' অলংকার কাকে বলে? এই অলংকারের বিভাগগুলি চিহ্নিত করে উদাহরণসহ প্রতিটি বিভাগের ব্যাখ্যা করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২×৩=৩৬

ক) দলবৃত্ত বা শ্বাসাঘাতপ্রধান ছন্দের বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করুন।

খ) অস্ট্রিক ও ভোট-চীনীয় ভাষাগোষ্ঠী সম্পর্কে যা জানেন লিখুন।

গ) অনুবাদ-প্রক্রিয়াজাত নবগঠিত বাংলা শব্দাবলির উৎসাদি উদারণসহ বিবৃত করুন।

ঘ) শব্দালংকার ও অর্থালংকারের তুলনাত্মক বিচার উদাহরণসহ করুন।

ঙ) বাংলা স্বরধ্বনির উচ্চারণবৈচিত্র্য ও তার শ্রেণিভেদ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

চ) ধ্বনি পরিবর্তনের বাহ্যিক প্রভাব সম্পর্কে দৃষ্টান্তসহ ব্যাখ্যা করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬×৪=২৪

ক) দ্রাবিড় গোষ্ঠীর ভাষার ভৌগোলিক পরিসীমা ব্যক্ত করুন।

খ) অশোকের অনুশাসনে প্রাচীন যে দুটি লিপির নিদর্শন পাওয়া গেছে তাদের নাম লিখুন এবং এদের উৎস সম্পর্কে মতামত প্রকাশ করুন। ২+৪=৬

গ) নিম্নোক্ত শব্দগুলির উৎস নির্ণয় করুন ঃ ১×৬=৬

বেআক্কেলে, দাদাগিরি, আরামকেদারা, লেডিকেনি, ফালতু, হরতন।

ঘ) অলংকার নির্দেশ করুন ঃ

সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু,
অনলে পুড়িয়া গেল।

ঙ) ছন্দোবিচার করুন ঃ

'তোমার কাছে আরাম চেয়ে পেলেম শুধু লজ্জা
এবার সকল অঙ্গ ছেয়ে পরাও রণসজ্জা'।

চ) 'সমীভবন' কাকে বলে? উদাহরণযোগে ব্যাখ্যা করুন।

ছ) নিম্নলিখিত শব্দযুগ্মের মধ্যে পার্থক্য নির্দেশ করুন ঃ

স্বরাগম ও স্বরভক্তি।

জ) রুশ, ইতালীয়, জার্মান, স্পেনীয়, চীনা ও বর্মি ভাষা থেকে ১টি করে শব্দ যা প্রধানত ইংরেজির মাধ্যমে বাংলা ভাষায় এসেছে—ক্রমান্বয়ে তা উল্লেখ করুন। ১×৬=৬

ঝ) পর্ব ও পর্বাঙ্গ কাকে বলে? দৃষ্টান্তসহ তুলে ধরুন। ৩×২=৬

ঞ) তানপ্রধান ছন্দের লয় কী এবং এই লয়টির চিহ্নিতকরণের সার্থকতা কী? ৩×২=৬

স্নাতক পাঠক্রম

(বি. ডি. পি.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — ডিসেম্বর, ২০০৮

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা (তৃতীয় পত্র)

সময় ঃ চার ঘণ্টা পূর্ণমান ঃ ১০০

মানের গুরুত্ব ঃ ৭০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০×২=৪০

ক) আপনার পাঠ্যতালিকাভুক্ত যে-কোনো একটি চর্যাগীতির পদকারের নাম উল্লেখ করে পদটির বাচ্যার্থ ও গূঢ়ার্থ আলোচনা করুন।

খ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের নাট্যমূল্য উদাহরণসহ বিশ্লেষণ করুন।

গ) "রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর।
প্রতি অঙ্গ লাগি কান্দে প্রতি অঙ্গ মোর।।"
পদটি কার রচনা? কোন্ পর্যায়ের? পদটির ভাবসংক্ষেপ ও কাব্যমূল্যায়ন করুন।

ঘ) রাবণের প্রতি মারীচের সুমন্ত্রণাদান অংশটি—তুলে ধরে রাবণ ও মারীচের চরিত্রগত পার্থক্য নির্দেশ করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২×৩=৩৬

ক) শ্রীকৃষ্ণকীর্তনের 'রাধা-বিরহ' অংশে গীতিধর্মিতা, লোকমুখের ভাষা, শৃঙ্গাররস, হাস্যরস ইত্যাদি আছে—উদাহণসহ সংক্ষেপে তা ব্যাখ্যা করুন। ৩×৪=১২

খ) চণ্ডীদাসের কবিবৈশিষ্ট্য তুলে ধরে উদ্ধৃতিসহ তাঁর মূল্যায়ন করুন।

গ) মহাকাব্য কাকে বলে? মহাকাব্য সম্পর্কে প্রাচ্য ও পাশ্চাত্য আলংকারিকদের বক্তব্য সংক্ষেপে প্রকাশ করুন।

ঘ) মেঘনাদবধ কাব্যের ষষ্ঠ সর্গের ভাষা, ছন্দ ও অলংকার সম্পর্কে উদাহরণসহ আলোচন করুন। ৪×৩=১২

ঙ) 'অমৃত' কবিতাটি কার লেখা? কোন্ কাব্যের অন্তর্গত? এই কবিতার মর্মার্থ সংক্ষেপে লিখুন। ১+১+১০=১২

চ) 'বিড়াল' কবিতাটির সংক্ষেপে শ্রেণিনির্ণয় করে—যুক্তি ও তথ্যাদিসহ এর যাথার্থ্য বিচার করুন।

ছ) 'সোনার তরী'—নামকরণের সার্থকতা বিচার করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬×৪=২৪

ক) 'সন্ধ্যাভাষা' সম্পর্কে ধ্যানধারণা প্রকাশ করুন। ৬

খ) 'দিনের সুরুজ পোড়াআঁ মারে—
রাতি হো এ দুখ চান্দে।'
কে—কাকে কথাটি বলেছে? বক্তব্যটি ব্যাখ্যা করুন। ১+১+৪=৬

গ) যে-কোনো **৬টি** শব্দের অর্থ লিখুন ঃ ১×৬=৬
অদ অ, চিখিল, ধামার্থে, জিবোঁ, চুম্বিআঁ, সিয়ানে, লুনী, কেঁমতে।

ঘ) ব্যাকরণগত টীকা লিখুন (যে-কোনো **৩টি**) ঃ
ভকতী, বাত, আইল, চীএ, নিচিত।

ঙ) 'ব্রজবুলি' ভাষা সম্পর্কে সংক্ষেপে লিখুন।

চ) কে—কার শাসনব্যবস্থাকে 'পরমদুর্বার' বলেছেন? কেন বলেছেন? ১+১+৪=৬

ছ) ত্রয়ী মহাকাব্য কে রচনা করেছেন? মহাকাব্যগুলির নাম লিখুন। কবি কার ভাবশিষ্য? মহাকাব্যকার হিসাবে কবি সফল না ব্যর্থ? ১+১+১+৩=৬

জ) কোন্ কাব্যগ্রন্থে রবীন্দ্রনাথ প্রথম গদ্যকবিতা রচনার সূচনা করেন? কাব্যগ্রন্থটির রচনাকাল উল্লেখ করে যে-কোনো একটি গদ্যকবিতার নাম লিখুন। ২+২+২=৬

স্নাতক পাঠক্রম

(বি. ডি. পি.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — ডিসেম্বর, ২০০৮

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা (চতুর্থ পত্র)

সময় ঃ চার ঘণ্টা পূর্ণমান ঃ ১০০

মানের গুরুত্ব ঃ ৭০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০×২=৪০

ক) 'কপালকুণ্ডলা'কে কাব্যধর্মী উপন্যাস বলা হয়—এ সম্পর্কে আপনার অভিমত ব্যক্ত করুন।

অথবা

'ধ্বংস' গল্পে রবীন্দ্রনাথের যুদ্ধবিরোধী যে মনটি উদ্ভাসিত হয়েছে, তার পরিচয় দিন এবং গল্পের নামকরণের তাৎপর্য বিচার করুন।

খ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে মাঝিদের জীবনে এবং এই উপন্যাসে গান এক বিশিষ্ট ভূমিকা গ্রহণ করেছে— এই মন্তব্য কতখানি সংগত তা বিচার করে দেখান।

অথবা

'পুঁইমাচা' গল্পটির নামকরণ কতখানি তাৎপর্যপূর্ণ বিশ্লেষণ করে দেখান।

গ) 'সুন্দরম' গল্পের ট্র্যাজেডি কোন্ চরিত্রকে অবলম্বন করে সংঘটিত হয়েছে তা যুক্তিসহ আলোচনা করুন।

অথবা

'স্ত্রীরপত্র' গল্পটিকে আধুনিক মানসিকতাসম্পন্ন নারীর আত্মস্বাতন্ত্র্যের ঘোষণাপত্র বলা যায় কি-না, বিশ্লেষণ করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২×৩=৩৬

ক) বিস্ময়বোধ ও সৌন্দর্যবোধের সমন্বয়ে সৃষ্ট 'কপালকুণ্ডলা' চরিত্রের শিল্পসার্থকতা বিচার করুন।

খ) 'পদ্মানদীর মাঝি' আঞ্চলিক উপন্যাস হিসাবে উল্লিখিত হতে পারে কিনা তা বিচার করুন।

গ) নভেল ও রোমান্সের পার্থক্য বুঝিয়ে দিন। প্রসঙ্গত রোমান্সের ভাগ সম্পর্কে আলোচনা করুন।

ঘ) বাংলার পল্লিসমাজের কুচক্রী পটভূমি একদিকে, অন্যদিকে সহজ সরল প্রতিবেশীবৎসল প্রেক্ষিত—এ দুটিই কেমন করে 'পুঁইমাচা' গল্পে সহাবস্থান করেছে আলোচনা করুন।

ঙ) চিকিৎসা উপলক্ষ্যে যে অভিজ্ঞতা গল্পকথক লাভ করেছিলেন, 'গণেশ জননী' গল্পশেষে তার প্রকাশ কীভাবে ঘটেছে—তার পরিচয় দিন।

চ) 'টোপ' গল্পের কথাকার মধ্যবিত্তের শ্রেণিচরিত্র পরিস্ফুটনে কতটা সহায়ক বলে আপনি মনে করেন—ব্যাখ্যা করুন।

ছ) 'তারিণী মাঝি' গল্পের পরিণতি ট্র্যাজেডি কিনা তা বিচার করুন।

জ) 'চিকিৎসা সংকট' গল্পে হাস্যরসের প্রকৃতি বিচার করুন।

ঝ) 'সুন্দর'-এর সংজ্ঞা কৈলাস ডাক্তারবাবুর উপলব্ধিতে কীভাবে প্রতিভাসিত হয়েছে তা বিশ্লেষণ করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬×৪=২৪

ক) 'মেজোবউ গরিবের ঘরের মেয়ের মাথাটি খেতে বসলেন'—এই উক্তির অন্তর্নিহিত তাৎপর্য কী?

খ) ছোটোগল্পের প্রধান লক্ষণ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

গ) "এই ঢেঁকির কাঠটির ইতিহাস স্বতন্ত্র।"—ইতিহাসটির পরিচয় দিন।

ঘ) উপন্যাসের উদ্ভবসূত্রে মুদ্রণযন্ত্রের ভূমিকা কী, আলোচনা করুন।

ঙ) কানাইবাবুর তালিম সুকুমারকে কীভাবে পরিবর্তিত করেছিল?

চ) "মেয়েদের কাপড়ে আগুন লাগিয়ে মরা একটা ফ্যাশান হয়েছে।"—এই মন্তব্যের ঔচিত্য ও তাৎপর্য নিয়ে সংক্ষেপে আলোচনা করুন।

ছ) ময়ূরাক্ষীর বন্যার ফলে পারিপার্শ্বিক এলাকার চেহারা সম্পর্কে আলোচনা করুন।

জ) 'টোপ' গল্পের মুখ্য চরিত্র কে বলে আপনার মনে হয়?

ঝ) নন্দ মিত্রের বন্ধুদের সংক্ষিপ্ত পরিচয় দিন।

ঞ) 'কপালকুণ্ডলা' নামকরণ করে লেখক চরিত্রটির কোন্‌দিকে আলোকপাত করেছেন?

ট) 'একে বলে কালের উন্নতি'—লেখকের এই তীর্যক মন্তব্যের লক্ষ্য কী তা বুঝিয়ে দিন।

ঠ) 'আশ্চর্য, এই জঙ্গলের ভেতরেও এত নিখুঁত আয়োজন!'—কীসের আয়োজন বর্ণনা করুন।

স্নাতক পাঠক্রম

(বি. ডি. পি.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — ডিসেম্বর, ২০০৮

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা (পঞ্চম পত্র)

সময় ঃ চার ঘণ্টা পূর্ণমান ঃ ১০০

মানের গুরুত্ব ঃ ৭০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

বিভাগ—ক

যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০×২=৪০

১) গীতিকাব্যের স্বরূপ সম্পর্কে বঙ্কিমচন্দ্রের ধারণাটি সংক্ষেপে বুঝিয়ে দিন।

২) 'কালান্তর' প্রবন্ধটির উপস্থাপনার বিশেষত্ব সম্পর্কে মন্তব্য করুন।

৩) রাজতান্ত্রিক এবং প্রজাতান্ত্রিক শাসনব্যবস্থার দোষ-গুণগুলি বিবেকানন্দের অনুসরণে ব্যক্ত করুন।

৪) প্রকৃত শিক্ষার ক্ষেত্রে লাইব্রেরির ভূমিকা সম্পর্কে প্রমথ চৌধুরীর মতামত নিজের ভাষায় লিখুন।

বিভাগ—খ

যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২×৩=৩৬

৫) বঙ্কিমচন্দ্রের ইতিহাস-চেতনার বিশেষত্বগুলি নির্দেশ করুন।

৬) রাজনীতি-বিষয়ক রবীন্দ্রনাথের প্রবন্ধগুলিতে স্বাদেশিকতা কীভাবে ধরা পড়েছে?

৭) 'সভ্যতার সঙ্কট' এবং 'কালান্তর' প্রবন্ধদুটির ভাবগত সাদৃশ্যের প্রসঙ্গে মন্তব্য করুন।

৮) 'নিয়মের রাজত্ব' প্রবন্ধে রামেন্দ্রসুন্দর যে দৃষ্টান্তগুলির সাহায্যে নিয়মের রাজত্বকে প্রতিষ্ঠিত দেখেছেন, সেগুলি নিজের ভাষায় উল্লেখ করুন।

৯) প্রকৃত শিক্ষা সম্পর্কে প্রমথ চৌধুরীর ধারণাটি ব্যক্ত করুন।

১০) প্রবন্ধকার হিসেবে অন্নদাশঙ্করের পরিচয় দিন।

১১) লঘু রচনার অন্তরালে কালীপ্রসন্নর মধ্যে যে এক সমাজ-সংস্কারকের মানস বর্তমান ছিল, তার পরিচয় দিন।

১২) 'বাজে কথা' প্রবন্ধটির মধ্যে রবীন্দ্রনাথের সাহিত্য সম্পর্কে ধারণার যে পরিচয় মেলে, সে বিষয়ে আলোচনা করুন।

বিভাগ—গ

যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬×৪=২৪

১৩) বররুচি কে? কেন রবীন্দ্রনাথ এই ধরনের মানুষদের 'অরসিক' বলেছেন?

১৪) রামায়ণ এবং মহাভারতে লেখক কোন্ দুটি বহ্নিকে ক্রিয়াশীল দেখেছেন?

১৫) 'পতঙ্গ' প্রবন্ধটির রচনাভঙ্গি সম্পর্কে আলোকপাত করুন।

১৬) 'চড়ক' রচনাটিতে যে শব্দদ্বৈত ও ধন্যাত্মক শব্দের প্রয়োগ ঘটেছে, সে বিষয়ে স-দৃষ্টান্ত আলোচনা করুন।

১৭) 'হুতোম প্যাঁচার নক্‌শা'র অন্তর্গত 'চড়ক' রচনাটির মধ্যে নকশার লক্ষণ কীভাবে মেলে?

১৮) ভারতীয় সংস্কৃতির রূপান্তর ঘটাতে হবে কীভাবে, অন্নদাশঙ্করের অনুসরণে তা নির্দেশ করুন।

১৯) সাহিত্যচর্চার ক্ষেত্রে গুণী শিল্পী এবং গুণজ্ঞ পাঠকের দায়িত্ব-কর্তব্য কী?

২০) 'মহানিয়ম' বলতে রামেন্দ্রসুন্দর কী বুঝিয়েছেন?

স্নাতক পাঠক্রম

(বি. ডি. পি.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — ডিসেম্বর, ২০০৮

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা (ষষ্ঠ পত্র)

সময় ঃ চার ঘণ্টা পূর্ণমান ঃ ১০০

মানের গুরুত্ব ঃ ৭০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০×২=৪০

ক) 'নীলদর্পণ' নাটকের সংলাপ একদিকে যেমন নাটকীয় চরিত্রগুলির স্বাতন্ত্র্য চিহ্নিত করেছে অপরদিকে তেমনি নাটকের গতিবেগ সঞ্চার করেছে—উদাহরণসহ আলোচনা করুন।

খ) 'রথের রশি' নাটকের নামকরণের তাৎপর্য বুঝিয়ে দিন।

গ) 'নবান্ন' নাটকের সংগীতসমূহের নাটকীয় প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা করুন।

ঘ) বাংলা সাহিত্যের ঐতিহাসিক উপন্যাসের সূচনা ও বিকাশের ধারা সম্পর্কে সম্যক ধারণা দিন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২×৩=৩৬

ক) 'নীলদর্পণ' নাটক রচনার প্রেক্ষাপট আলোচনা করুন।

খ) 'রথের রশি' নাটকের নারীচরিত্রগুলির বিবরণ দিন।

গ) 'নবান্ন' নাটকের অভিনবত্ব বিষয়ে বিশ্লেষণ করুন।

ঘ) পেশাদারি নাট্যশালা হিসেবে ন্যাশনাল থিয়েটারের আত্মপ্রকাশ বঙ্গ রঙ্গমঞ্চের ইতিহাসে একটি উল্লেখযোগ্য ঘটনা—আলোচনা করুন।

ঙ) উপন্যাস ও ছোটোগল্পের পার্থক্য প্রাসঙ্গিক উদাহরণসহ আলোচনা করুন।

চ) মহাকাব্যের দুটি মূল বিভাগ উল্লেখ করে একটি সাহিত্যিক মহাকাব্য সম্পর্কে আলোচনা করুন।

ছ) 'প্লট' বলতে আরিস্টটল কী বুঝিয়েছেন? কেন তিনি চরিত্রের ওপর প্লটের স্থান নির্দেশ করেছেন—তা লিখুন।

জ) প্রবন্ধ সাহিত্যের গুরু ও লঘুর মধ্যে কোনো ভেদ আছে কি? থাকলে তা উদাহরণসহ স্পষ্ট করে বুঝিয়ে লিখুন।

ঝ) বঙ্কিমচন্দ্র ও রবীন্দ্রনাথের একটি করে সামাজিক উপন্যাস সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬×৪=২৪

ক) শোককাব্য (Elegy) সম্পর্কে উদাহরণসহ আলোচনা করুন।

খ) ভারতীয় গণনাট্য সংঘের সূচনাপর্বের সংক্ষিপ্ত পরিচয় দিন।

গ) আধুনিক বাংলা নাটকের সূচনাপর্বের অন্যতম মুখ্য নাট্যকার রামনারায়ণ তর্করত্নের অবদান আলোচনা করুন।

ঘ) যাত্রাভিনয় সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করুন।

ঙ) তন্ময় (objective) কবিতা কী? কী কী ধরনের তন্ময় কবিতা দেখা যায় সে সম্পর্কে আলোচনা করুন।

চ) 'ডমরু চরিত' সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লিখুন।

ছ) রূপকথা ও 'উদ্ভট গল্পে'র (Fantasy) পার্থক্য কী? একজন উদ্ভট গল্পের রচয়িতা ও তাঁর গল্প সম্বন্ধে লিখুন।

জ) "ভারতের প্রাচীনতম সাহিত্যে নাটকের আদিমতম রূপের উল্লেখ আছে।"—মন্তব্যটি বুঝিয়ে লিখুন।

ঝ) সাংকেতিক ও প্রতীকধর্মী গল্পের সংজ্ঞা ও বিকাশের ধারা উদাহরণসহ উল্লেখ করুন।

ঞ) ‘যক্ষরাজ স্বয়ং তার ভাণ্ডারে বসেছে প্রায়োপবেশনে”—‘যক্ষরাজ’-এর পরিচয় দিন। ‘প্রায়োপবেশন’ কথার অর্থ লিখুন।

ট) লেখকের নামসহ দুটি পৌরাণিক নাটক, দুটি ঐতিহাসিক নাটক এবং দুটি একাঙ্ক নাটকের নাম লিখুন।

ঠ) সঠিক উত্তরটি লিখুন ঃ

(১) ‘ভূগোল’ গ্রন্থটির রচায়িতা—(অ) অক্ষয়কুমার দত্ত, (আ) বিদ্যাসাগর, (ই) বঙ্কিমচন্দ্র

(২) কথাসাহিত্য বলতে আমরা বুঝি (অ) গল্পকে (আ) উপন্যাসকে, (ই) উভয়কেই।

(৩) আলোচ্য তিনটির মধ্যে কোন্‌টি বাংলা সাহিত্যের প্রথম সামাজিক উপন্যাস—(অ) বিষবৃক্ষ, (আ) চোখের বালি, (ই) কৃষ্ণকান্তের উইল।

(৪) সিপাহি বিদ্রোহের ছবি পাওয়া যায়—(অ) বহ্নিকন্যা, (আ) পদসঞ্চার, (ই) রক্তরাগ রচনায়।

(৫) রবীন্দ্রনাথ ঠাকুর রচনা করেছিলেন—(অ) অলীকবাবু (আ) কর্তার ভূত (ই) মহানগর।

(৬) বাল্মীকি প্রতিভা—গীতিনাট্য/কাব্যনাট্য/নৃত্যনাট্য।

স্নাতক পাঠক্রম

(বি. ডি. পি.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — ডিসেম্বর, ২০০৮

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা (সপ্তম পত্র)

সময় ঃ চার ঘণ্টা পূর্ণমান ঃ ১০০

মানের গুরুত্ব ঃ ৭০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

ক—বিভাগ

(লোকসাহিত্য—৫০)

১। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০

ক) 'লোককথা' কাকে বলে? লোককথার লক্ষণ, পরিবেশ ও রূপবৈচিত্র্যের উদাহরণসহ পরিচয় দিন। প্রসঙ্গত রূপকথা ও উপকথার পার্থক্য কিছু আছে কিনা বুঝিয়ে দিন। 'আরব্য উপন্যাস'-কে কি লোককথার অন্তর্ভুক্ত করা যায়?—এ সম্পর্কে আপনার অভিমত দিন।

খ) 'মৈমনসিংহ গীতিকা'-র পুরুষচরিত্রগুলি নারীচরিত্রগুলির পাশে নিতান্তই ম্লান, নিষ্প্রভ।— উপযুক্ত উদাহরণসহ এই মন্তব্যটি বিচার করুন।

গ) বাংলা ব্রতের মধ্যে একদিকে জাদুবিশ্বাস ও অন্যদিকে সমাজ-নৃবিজ্ঞানের প্রভাব লক্ষ করা যায়।—এই দ্বিবিধ প্রকৃতির পরিচয় উদাহরণসহ বুঝিয়ে দিন।

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১০+১০=২০

ক) 'মন্ত্র' শব্দের ব্যুৎপত্তি, শব্দটির উদ্ভব এবং শ্রেণিবিভাগ সম্পর্কে আলোচনা করুন। মন্ত্রের দেবদেবী সাধারণত কারা পরিচয় দিন।

খ) লোকসংগীত ও গীতিকার সম্পর্ক উপযুক্ত উদাহরণসহ নিরূপণ করুন।

গ) 'কামচারিতা ও কামরূপধারিতা' শব্দদুটির অর্থ কী? ছড়াকে কেন কামচারী ও কামরূপধারী বলা হয়েছে? প্রসঙ্গত, ছড়ায় কথান্তর বা রূপান্তর কীভাবে ঘটে উদাহরণসহ বুঝিয়ে দিন।

ঘ) ধাঁধার উদ্ভব, গঠন, বিষয়বস্তু ও প্রকৃতি সম্পর্কে আলোচনা করে গার্হস্থ্য জীবন বিষয়ক ধাঁধার উদাহরণ দিন।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৫+৫=১০

ক) প্রবাদের উদ্ভব, গঠন ও বিষয়বস্তু সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

খ) লোকসংগীতে ব্যবহৃত লোকবাদ্যের পরিচয় দিন।

গ) 'ভাওয়াইয়া' ও 'জারিগান' সম্পর্কে আলোচনা করুন।

ঘ) 'লোককথার অভিপ্রায়' ও 'লোককথার ভবিষ্যৎ' সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

খ—বিভাগ

(আধুনিক ভারতীয় সাহিত্য—৫০)

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০

ক) 'চেম্মিন' উপন্যাসে বাস্তববাদ ও রোমান্টিকতার যে অপূর্ব সংমিশ্রণ ঘটেছে তা বিস্ময়কর।
—এই মন্তব্য কতদূর যথার্থ—উপযুক্ত বিশ্লেষণসহ বিচার করুন।

খ) 'চোপ আদালত চলছে' নাটকে বাস্তব এবং কল্পনা একত্রে মিশে গিয়ে বেনারে বাঈয়ের জীবনের মর্মান্তিক অভিজ্ঞতাকে উন্মোচন করলেও, এর মূল প্রবণতা 'অ্যাবসার্ড' বা কিমিতিবাদী নাটকধর্মী।—এই বক্তব্যের সারবত্তা আলোচনা করুন।

গ) চোপ, আদালত চলছে' নাটকের সংলাপের ভাষা সম্পর্কে বিশদ আলোচনা করুন।

৫। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১০+১০=২০

ক) বেনারের মুখের শেষ গানে টিয়া, চড়ুই এবং কাক—তিনটি পাখির কথা শোনা যায়। এদের মধ্যে কোন্‌টি তাঁর নিজের প্রতিভূস্বরূপ? বুঝিয়ে বলুন।

খ) (১) "ভারতবর্ষ" কথা বলে আঠারোটি ভাষায়, কিন্তু তার ভাবনাচিন্তার মাধ্যম একটাই মাত্র।

— মন্তব্যটি কার? বাক্যটির বাস্তব ও ব্যঞ্জনাগত অর্থ সংক্ষেপে আলোচনা করুন। ১+৪=৫

(২) 'উর্দু' ভাষার উৎস ও ব্যাপ্তি সম্পর্কে আলোচনা করুন। ২+৩=৫

গ) ভারতবর্ষের বিভিন্ন অঞ্চলের সাহিত্য সম্পর্কে জানার তাৎপর্য বর্তমানের পরিপ্রেক্ষিতে কতখানি গুরুত্বপূর্ণ সে সম্পর্কে আপনার অভিমত ব্যক্ত করুন।

ঘ) প্রতীক ও সংকেতের ব্যঞ্জনা জয়কান্তনের 'কুঞ্জবনের খ্যাপা' গল্পটিকে অনন্য এক শিল্পমহিমা দিয়েছে—আলোচনা করুন।

৬। যে-কোনো **দুটি প্রশ্নের** উত্তর দিন ঃ ৫+৫=১০

ক) 'চেম্মিন' নামটি উপন্যাসের পক্ষে কতটা তাৎপর্যপূর্ণ আলোচনা করুন।

খ) 'চেম্মিন' উপন্যাসে পঞ্চমী চরিত্রের ভূমিকা আলোচনা করুন।

গ) 'বাচ্চা' গল্পের সমাপ্তি অংশের তাৎপর্য বিশ্লেষণ করে বুঝিয়ে দিন।

ঘ) 'কুঞ্জবনের খ্যাপা' গল্পে মানবজীবনের এক গভীর চিরন্তন সত্য তুলে ধরা হয়েছে।— মন্তব্যটি বিশদ করুন।

ঙ) 'সদ্‌গতি' গল্পের সামাজিক তাৎপর্য বুঝিয়ে দিন।

স্নাতক পাঠক্রম

(বি. ডি. পি.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — ডিসেম্বর, ২০০৮

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা (অষ্টম পত্র)

সময় ঃ চার ঘণ্টা পূর্ণমান ঃ ১০০

মানের গুরুত্ব ঃ ৭০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০×২=৪০

ক) অনুবাদের সমস্যা ও তার সমাধান সম্পর্কে আলোচনা করুন।

খ) ১৮১৮ থেকে ১৮৪০ পর্যন্ত বাংলা সংবাদপত্রে যে সমস্ত বানানবৈশিষ্ট্য ধরা পড়েছে, তার প্রাসঙ্গিক উদাহরণসহ আলোচনা করুন।

গ) মাধ্যম-বৈচিত্র্য ও প্রতিবেদন-রচনার বিশিষ্টতার পরিচয় দিন। টিভি, সংবাদপত্র ও প্রাতিষ্ঠানিক প্রতিবেদন রচনার বৈশিষ্ট্য আলোচনা করুন।

ঘ) সম্পাদকের দায়িত্ব ও কর্তব্য কী, সে সম্বন্ধে আলোচনা করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২×৩=৩৬

ক) বাংলা বানান সরলীকরণের জন্য নির্দেশিত উপায়গুলি সম্পর্কে আপনার অভিমত লিখুন।

খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে ব্যাপক অনুবাদচর্চার কারণ আলোচনা করুন। অনূদিত গ্রন্থগুলির সংক্ষেপে পরিচয় দিন।

গ) গ্রন্থসম্পাদক ও সাময়িক পত্রিকার সম্পাদকের কাজের তুলনামূলক গুরুত্ব ও দায়িত্ব সম্পর্কে আলোচনা করুন।

ঘ) সংবাদপত্রের প্রতিবেদন পাঠ করবার সময় পাঠকের চাহিদা বা অভিপ্রায় সম্পর্কে আলোচনা করুন। প্রসঙ্গত আপনি একালের সংবাদ পাঠের অভিজ্ঞতার কথা সংক্ষেপে লিখুন।

ঙ) ধ্বনি, বর্ণ ও অক্ষরের পার্থক্য বুঝিয়ে দিন। বাংলা বর্ণমালা ও তাদের উচ্চারণের সমস্যা সম্পর্কে উদাহণসহযোগে আলোচনা করুন।

চ) গ্রন্থপঞ্জি ও উল্লেখপঞ্জির পার্থক্য বুঝিয়ে দিন। "আলোচনা গ্রন্থে" গ্রন্থপঞ্জির প্রয়োজনীয়তা সম্পর্কে বিশদ আলোচনা করুন। বাংলা বানানবিধি বিষয়ে একটি গ্রন্থপঞ্জি প্রস্তুত করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬×৪=২৪

ক) সংবাদ পুনর্নির্মাণের প্রয়োজন হয় কেন?

খ) 'কথ্য' ও 'লেখ্য' ভাষার পার্থক্য উদাহরণসহ বুঝিয়ে দিন।

গ) গ্রন্থ ও সংবাদপত্র সম্পাদনায় প্রুফরিডিং-এর প্রয়োজনীয়তা আলোচনা করুন।

ঘ) বিদেশি শব্দ বিষয়ে বাংলা আকাদেমি গৃহীত বানানবিধি উদাহরণসহ বিবৃত করুন।

ঙ) সংবাদপত্রের টাইপসজ্জার বিভিন্ন দিক সম্পর্কে আলোচনা করুন।

চ) নীচের শব্দগুলির প্রচলিত বানান দেওয়া হল। শব্দগুলির 'আকাদেমি' বানানবিধি অনুসারে সরলীকৃত/গৃহীত বানান উল্লেখ করুন ঃ
শঙ্কর, কোষ, দুঃস্থ, দারিদ্র্য, ঈর্ষ্যা, বৌ, গির্জ্জা, কোরাণ, বর্দ্ধমান, চর্ব্বণ, খৃষ্টাব্দ, কোষ।

ছ) সংবাদপত্রের 'অঙ্গ' সজ্জার বিভিন্ন রূপ আছে। অঙ্গসজ্জার রূপগুলির পরিচয় দিন।